

## হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ ৯. জাল হাদীস চিহ্নিতকরণে বাঙালী আলিমগণ রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৯. ৪. আল্লামা জুনাইদ বাবুনগরী ও যাকারিয়া হাসানাবাদী

বাংলাদেশের প্রসিদ্ধতম ইসলামী শিক্ষাকেন্দ্র চট্টগ্রামের হাটহাজারী দারুল উলূম মাদ্রাসার প্রসিদ্ধ মুহাদ্দিস আল্লামা মুহম্মাদ জুনাইদ বাবুনগরীর তত্ত্বাবধান ও নির্দেশনায় চট্টগ্রামের অন্য প্রসিদ্ধ মাদ্রাসা জামেয়া বাবুনগরের উসতাদ মাওলানা মুহাম্মদ জাকারিয়া হাসানাবাদীর সংকলন ও সম্পাদনায় "প্রচলিত জাল হাদীস: একটি তাত্ত্বিক আলোচনা" নামে একটি গ্রন্থ ২০০৫ সালে প্রকাশিত হয়েছে। দেশের কয়েকজন সুপ্রসিদ্ধ আলিম গ্রন্থটির সমর্থন ও প্রশংসায় বাণী প্রদান করেছেন। তাঁদের মধ্যে রয়েছেন পটিয়া মাদরাসার উসতাদ আল্লামা মুহাম্মদ ইছহাক আল-গাজী, বাবুনগর মাদরাসার উসতাদ আল্লামা মুহাম্মদ ইউনুস, জামেয়া দারুল মাআরিফের পরিচালক আল্লামা মুহাম্মদ সুলতান যওক নদবী, বাবুনগর মাদ্রাসার মুহতামিম আল্লামা শাহ মুহিববুল্লাহ, বাবুনগর মাদরাসার মুফতী আল্লামা মাহমুদ হাসান প্রমুখ।

গ্রন্থটির শুরুতে জাল হাদীস বিষয়ক কিছু মূলনীতি আলোচনা করার পর সংকলক প্রায় ২০০ টি জাল হাদীস আলোচনা করেছেন। যেমন:

- 1. চল্লিশ বৎসরের আগে কোনো নবীই নুবুওয়াত পান নি।
- 2. নবীগণ পথপ্রদর্শক, ফকীহগণ নেতা এবং তাঁদের মাজলিস বৃদ্ধিকর।
- 3. দুনিয়ার মহববত সকল পাপের মূল।
- 4. মানুষ তাদের রাষ্ট্রপ্রধানদের ধর্মের উপর চলে।
- 5. তোমরা মৃত্যুর আগেই মৃত্যুবরণ কর।
- 6. আরবগণ অনারবগণের নেতা।
- 7. নেককারগণের আলোচনা হলে রহমত নাযিল হয়।
- ৪. নারীগণ গৃহের প্রদীপ কিন্তু তোমরা তাদেরকে জান না।
- 9. দরিদ্র মুসলিমগণ ধনীদের ৪০ বৎসর পূর্বে জান্নাতে প্রবেশ করবেন।
- 10. গরিবগণ নবীগণের উত্তরাধিকারী।
- 11. শুক্রবারে নখ কাটলে পরের শুক্রবার পর্যন্ত অমঙ্গল থেকে রক্ষা পাবে।
- 12. প্রতি শুক্রবার পিতামাতার কবর যিয়রাত করে ইয়াসীন পাঠ ....।
- 13. পাত্র ধৌত করা এবং আঙ্গিনা পরিষ্কার করা ধন-দৌলত বৃদ্ধি করে।
- 14. আস-সালাতু ইমাদুদ্দীন: নামায দীনের খুঁটি....।
- 15. ইমামতিতে ধাক্কা-ধাক্কি কিয়ামতের আলামত।



- 16. যার চেহারা সবচেয়ে সুন্দর সে ইমামতি করবে।
- 17. যোহরের আগে চার রাকাআত নিয়মিত না পড়লে শাফাআত মিলবে না।
- 18. জুমুআর সালাত দরিদ্রদের হজ্জ।
- 19. স্ত্রী তার স্বামীর কাপড় ধুলে আল্লাহ তার জন্য দু হাজার নেকি লিখেন...।
- 20. খাওয়ার সময় জুতা খোলা সুন্দর সুন্নাত...।
- 21. রাসূলুল্লাহ (ﷺ) এর জন্মের পূর্বে আসিয়া, মরিয়ম প্রমুখের আগমন...।

Source — https://www.hadithbd.com/books/link/?id=4703

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন